

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আঞ্চলিক পরিচালকের কার্যালয়  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
খুলনা বিভাগ, খুলনা-৯০০০।

শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ

Email: [rdokhulna@gmail.com](mailto:rdokhulna@gmail.com)

স্মারক নং- আঞ্চঃপরিঃ/খুঃবিঃ/ ১৩৪৬

তারিখ : ০৬/০৮/২০১৯ খ্রিঃ

প্রাপক.

প্রধান শিক্ষক,  
শ্রীপুর সরকারি এম সি পাইলট মাধ্যমিক বিদ্যালয়,  
শ্রীপুর, মাগুরা

বিষয়ঃ ব্যাখ্যা প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে আপনার বিশেষ অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আঞ্চলিক পরিচালকের কার্যালয়, কারিগরি শিক্ষা অধিদপ্তর, খুলনা বিভাগ, খুলনা এর সহকারী আঞ্চলিক পরিদর্শক জনাব সুসান্ত কুমার সাহা ১৮/০৭/২০১৯ খ্রিঃ তারিখে আপনার প্রতিষ্ঠান পরিদর্শন শেষে বিভিন্ন বিষয় চিহ্নিত করে একখানা প্রতিবেদন দাখিল করেন। উক্ত প্রতিবেদনে দেখা যায় :

- ১। এসএসসি ভোকেশনাল শাখার শিক্ষকগণ শিক্ষার্থী উপস্থিতি ও রেজাল্ট এর ব্যাপারে আন্তরিক নন।
- ২। ওয়ার্কশপের জরাজীর্ণ অবস্থা।
- ৩। ক্যাশবহি হালনাগাদ নেই।
- ৪। শিক্ষকগণ ব্যবহারিক ক্লাশের প্রতি আন্তরিক নন।
- ৫। যন্ত্রপাতি শিক্ষকদের উদাসীনতার কারণে নষ্ট হয়েছে।
- ৬। একাডেমিক সকল কার্যক্রমে শিক্ষকদের অবহেলা রয়েছে।
- ৭। শিক্ষকদের প্রাইভেট পড়ানোর প্রবণতা রয়েছে।

এমতাবস্থায় কেনো আপনার প্রতিষ্ঠানের এসএসসি (ভোকেশনাল) শাখার সকল শিক্ষকগণের বেতনের সরকারি অংশ ২(দুই) মাস বন্ধ রাখা রাখা হবে না এবং এমপিও সাময়িক ছুগিতকরণের সুপারিশ করা হবে না, তার ব্যাখ্যা প্রদানসহ পরবর্তী ১০ কার্যদিবসের মধ্যে সকল যন্ত্রপাতি ওয়ার্কশপে স্থাপন করে একটি প্রতিবেদন অত্র দপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

স্বঃ

(অনিমেশ পাল)

আঞ্চলিক পরিচালক (অঃ দাঃ)  
কারিগরি শিক্ষা অধিদপ্তর,  
খুলনা বিভাগ, খুলনা-৯০০০।

স্মারক নং- আঞ্চঃ পরিঃ/খুঃ বিঃ/১৩৪৬

তারিখ : ০৬/০৮/২০১৯ খ্রিঃ

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। পরিচালক (পিআইডব্লিউ /ভোকেশনাল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ২। সহকারী পরিচালক (১/২/৩/৪/৫/৬/৭/৮/৯/১০), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৩। জেলা শিক্ষা অফিসার (মাধ্যমিক ও উচ্চ শিক্ষা), মাগুরা।
- ৪। উপজেলা নির্বাহী কর্মকর্তা, শ্রীপুর, মাগুরা।
- ৫। জনাব সুসান্ত কুমার সাহা, সহকারী আঞ্চলিক পরিদর্শক, অত্র দপ্তর।
- ৬। সংরক্ষণ নথি।

স্বঃ  
(অনিমেশ পাল)

আঞ্চলিক পরিচালক (অঃ দাঃ)  
কারিগরি শিক্ষা অধিদপ্তর,  
খুলনা বিভাগ, খুলনা-৯০০০।